

W.B. HUMAN RIGHTS
COMMISSION
KOLKATA-27

File No. 93 WBHRC/SMC/2018


01, 08, 2018
Date: ~~04-08-2017~~

Enclosed is the news clipping appeared in the 'Ananda Bazar Patrika,' a Bengali daily dated 31.07. 2018, the news item is captioned 'যাদবপুরে মহিলা যাত্রীকে 'হেনস্তা', গ্রেফতার অটোচালক'.


Deputy Commissioner of Police, South Suburban Division is directed to enquire into the matter and to furnish a report by 10th September, 2018.



(Justice Girish Chandra Gupta)
Chairperson



(Naparajit Mukherjee)
Member



(M.S. Dwivedy)
Member

যাদবপুরে মহিলা যাত্রীকে 'হেনস্থা', গ্রেফতার অটোচালক

নিজস্ব সংবাদদাতা

পাঁচ জন না হওয়া পর্যন্ত ছাড়বে না অটো। ছেলের পরীক্ষা। সময়ে পৌঁছেই হবে স্কুলে। তাই অটোর বসে কিছু ক্ষণ অপেক্ষা করার পরে একটি বাস দেখে নেমে গিয়েছিলেন মহিলা। সেই বাস না পাওয়ার ঘটল বিপত্তি। ফের অটোর বসতে যেতেই এল বাধা। অভিযোগ, ছেলের সামনেই ওই মহিলাকে হাত ধরে টেনে নামিয়ে হেনস্থা করেন অটোটির চালক।

অভিযোগ, পরে এই চালক পুরপুর দাঁড়ানো আরও পাঁচটি অটোর উঠতে বাধা দেন তাঁকে। সোমবার যাদবপুরে মারবর ও যৌন হেনস্থার এই ঘটনার অভিব্যক্ত অটোচালক অশোক যাদবকে গ্রেফতার করা হয়। তাঁর বাড়ি বেহালার বৃদ্ধেশিবতলায়। পুলিশ সূত্রের খবর, যাদবপুরের বাসিন্দা বছর চল্লিশের ওই মহিলা সোমবার সকাল সাড়ে ছ'টা নাগাদ তাঁর ছেলেকে লেক গার্ডেনে স্কুলে পৌঁছে দেওয়ার জন্য যাদবপুরের এইট বি বাসস্ট্যান্ড

থেকে একটি অটোর উঠেছিলেন। অভিযোগ, যাদবপুর-লেক গার্ডেন রুটের ওই অটোটি ছাড়তে দেরি করায় মহিলা নেমেছিলেন একটি বেসরকারি বাস ধরতে। ওই মহিলার অভিযোগ, ছেলেকে নিয়ে ছুটে বাস ধরতে গিয়ে বাসটি ছেড়ে চলে যায়। এর পরে তিনি ফের ওই অটোর বসতে গেলে চালক তাঁর হাত ধরে টেনে নামিয়ে দেন। অশ্রাব্য ভাষায় গালিগালাজ করতে থাকেন। ওই মহিলার কথায়, “এর পরে আমি পিছনে দাঁড়িয়ে থাকা

দ্বিতীয় অটোতে উঠতে গেলে প্রথম অটোচালক আমাকে একই ভাবে বাধা দেন। আমার হাত ধরে টানাটানি করতে থাকেন।” ওই মহিলার অভিযোগ, “একই ভাবে আমি পরপর দাঁড়িয়ে থাকা তৃতীয়, চতুর্থ, পঞ্চম অটোর উঠতে গেলে ওই চালক আমাকে উঠতে দেননি।” পঞ্চম শ্রেণিতে পাঠরত ওই মহিলার ছেলের এ দিন পরীক্ষা ছিল। ওই মহিলার কথায়, “সকাল ৭.১৫ মিনিট নাগাদ পরীক্ষা শুরু হওয়ার

আমি ওই অটোচালককে হাতজোড় করে বলি, দেরি হয়ে গেলে আমার ছেলে পরীক্ষায় বসতে পারবে না। আমাদের স্কুলে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করুন।” তাঁর অভিযোগ, “বারবার অনুরোধ সত্ত্বেও ওই চালক আমার কথায় আমল দেননি। পাশে দাঁড়িয়ে থাকা অন্যান্য অটোচালক কিংবা যাত্রীও ওই ঘটনার প্রতিবাদ করেননি।” ওই মহিলার কথায়, “অনেক ক্ষণ এ রকম চলার পরে শেষে অন্য এক অটোচালক ছেলের স্কুলে পরীক্ষা শুরু

হওয়ার মিনিট দুই আগে আমাদের পৌঁছে দেন।” এর পরে ওই মহিলা প্রথমে যাদবপুর থানায় ওই অটোচালকের বিরুদ্ধে অভিযোগ করতে বান। আরও অভিযোগ, যাদবপুর থানায় অভিযোগ করতে গেলে পুলিশ শুধু জেনারেল ডায়েরি (সিডি) নিয়েই ছেড়ে দেয়। লিখিত অভিযোগ নিতে অস্বীকার করে। এর পর তিনি ডিসি (এসএসডি) সন্তোষ নিম্বলকরের কাছে গিয়ে অটোচালকের বিরুদ্ধে লিখিত

অভিযোগ জমা দেন। ডিসি (এসএসডি) বলেন, “অটোচালকের এ রকম জুলুম বরদাস্ত করা হবে না। অভিব্যক্ত চালকের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নিতে বলেছি যাদবপুর থানাকে।” সোমবারের ঘটনা প্রসঙ্গে রাজসভার সাসেন তথা আইএনটিটিইউসি-র রাজ্য সভাপতি শুভাশিস চক্রবর্তী বলেন, “অটোচালকদের বেয়াদপি কেনও ভাবেই বরদাস্ত করা হবে না। পুলিশ এ রকম অভিযোগ পেলে চালকদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নিকা।”